# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮০

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ১৪. নারীদের নিকট প্রবেশ করার নিষেধাজ্ঞা

باب فِي النَّهْيِ عَنْ الدُّخُولِ عَلَى النِّسَاءِ

## আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ بِسْطَامَ حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الْخَيْرِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَدْخُلُوا عَلَى النِّسَاءِ قِيلَ يَا رَسُولَ اللَّهِ إِلَّا الْحَمْوُ قَالَ الْحَمْوُ الْمَوْتُ قَالَ يَحْيَى الْحَمْوُ يَعْنِي قَرَابَةَ الزَّوْجِ

## বাংলা

২৬৮০. উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা স্ত্রীলোকদের কাছে যেও না।” তখন তাঁকে জিজ্ঞেস করা হলো, ইয়া রাসূলুল্লাহ! ’হামউ’ (দেবর-ভাসূর-স্বামীর ভগ্নিপতি) বাদে। তিনি বললেন, ’হামউ’ তো মৃত্যুতুল্য।”[1] ইয়াহইয়া বলেন, ’হামউ’ অর্থ স্বামীর নিকটাত্মীয় পুরুষগণ।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, নিকাহ ৫২৩২; মুসলিম, সালাম ২১৭২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৫৮৮ তে। ((তিরমিযী, রাদা’আ ১১৭১; আহমাদ ৪/১৪৯।–অনুবাদক))

সংযোজনী: এছাড়াও, ইবনু আবী শাইবা ৪/৩২৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82965

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন